

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ৩০, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[ভ্যাট অনুবিভাগ]
আদেশ

তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২৬খ্রিষ্টাব্দ/৫আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ

বিষয়: জাতীয় রাজস্ব বোর্ডের eVAT পোর্টালের মাধ্যমে অনলাইনে দাখিলপত্র পেশ বাধ্যতামূলককরণ প্রসঙ্গে।

নং ১২/মুসক/২০২৬—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২-এর ধারা ৬৪-এর উপধারা (৫) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬-এর বিধি ১১৮ক-এ প্রদত্ত ক্ষমতাবলে টেবিল-১-এ বর্ণিত খাতসমূহের ক্ষেত্রে কলাম (১)-এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহের বিপরীতে কলাম (২)-এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code)-এর আওতাধীন কলাম (৩)-এ বর্ণিত পণ্যসমূহের উৎপাদনকারীদের এবং টেবিল-২-এ বর্ণিত সেবা খাতসমূহের ক্ষেত্রে কলাম (১)-এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহের বিপরীতে কলাম (২)-এ উল্লিখিত সেবা কোডের আওতাধীন কলাম (৩)-এ বর্ণিত সেবা খাতসমূহের সরবরাহকারীদের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের eVAT পোর্টালের মাধ্যমে অনলাইনে দাখিলপত্র প্রদান বাধ্যতামূলক করা হলো, যথা:

টেবিল-১ (উৎপাদন পর্যায়ে)

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code)	পণ্য
(১)	(২)	(৩)
২৪.০২	প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	সিগারেট
৮৫.১৭	প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	মোবাইল ফোন

(২৫৬২৭)

মূল্য : টাকা ৪.০০

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code)	পণ্য
(১)	(২)	(৩)
৭২.১৩ হতে ৭২.১৬	প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	এমএস পণ্য
৩০.০৪	প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	ওষুধ
২২.০১ হইতে ২২.০৯	প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	পানীয়
২৫.২৩	প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	সিমেন্ট
৬৯.০৭	প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	টাইলস
৩২.০৭ হইতে ৩২.১২	প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	রং ও বার্নিশ

টেবিল-২ (সেবা পর্যায়ে)

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবা
(১)	(২)	(৩)
So২৭	So২৭.০০	বীমা
So৫৬	So৫৬.০০	ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী
	So৫৬.১০	মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী

২। যদি কোনো নিবন্ধিত ব্যক্তি উপরোল্লিখিত পণ্য বা সেবার পাশাপাশি অন্য কোনো পণ্য বা সেবা সরবরাহ কার্যক্রমের সঙ্গেও জড়িত থাকেন, তবে তাঁর ক্ষেত্রেও এই আদেশ প্রযোজ্য হবে।

৩। জাতীয় রাজস্ব বোর্ড অনলাইনে দাখিলপত্র পেশ বাধ্যতামূলক-সংক্রান্ত ইতোপূর্বে কোনো আদেশ জারি করে থাকলে, এই আদেশ জারির পর ওই আদেশসমূহ বাতিল বলে গণ্য হবে। এ ছাড়া, জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশে বর্ণিত খাতসমূহের তালিকায় যেকোনো সময় সংযোজন বা বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করে।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আজিজুর রহমান

সদস্য (মূসক নীতি)।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd